
bengalioldsongs.in



**সনৎ সিংহ**

লোক-গীতি পরিবেশনে শিল্পী অদ্বিতীয়। পল্লী-সুরের আমেজ—তাঁর দরদী কণ্ঠে প্রাণবন্ত হয়ে উঠেছে—এবারের পল্লী-গীতি দু'টির মাধ্যমে।

## সনৎ সিংহ

## Sanat Sinha

কথা :—আনন্দ মুখোপাধ্যায় সুর :—অভিজিৎ

**N 82843** ও কাজল বরণ ভ্রমরা তোর
ওরে লক্ষ মাণিক কুড়িয়ে তোরে

( ১ )

ও কাজল বরণ ভ্রমরা তোর
রূপার বরণ আঁখিরে।
ও দারুণ ফাগুন জাগ্‌ল বুকে
তাই তোরে আমি ডাকিরে॥

আমার মনের কুঞ্জবনে
গুন্ গুনিয়ে যা
দোহাই মোরে বঁধুর কথা
যা' শুনিয়ে যা,
তার লাগি আজ দিবা নিশি
পথ চেয়ে থাকিরে॥

আজ কোকিল সোনার গানে
বনে বনে ফাগুন জাগে
তারি সুরে দোলা যে আজ
দুরু দুরু বক্ষে লাগে।
টগর বকুল মালতী ফুল
ফুট্‌ল বনে আজ
কত না সাধ জেগেছে তাই
আমার মনে আজ
বঁধুর হাতে চাই পরাতে
আমার হাতের রাখী রে॥*

( ২ )

ওরে লক্ষ মাণিক
কুড়িয়ে তোরে
গড়িয়ে দিলেম গয়না
দুটো মধুর বুলি শুনিয়ে যা রে
সোনার পাখী ময়না॥

বন্ধু আমার বলেছিল,
মালা দেবে গলে
তার বদলে জ্বালা সে যে
দিল পলে পলে
সে যেন আর আগের মত
মনের কথা কয় না॥

দহন জ্বালায় জ্বলে' জ্বলে'
হৃদয় আমার হ'ল ছাই
পীরিতির হায় কি রীতি
আমি শুধু ভাবি তাই
দিনের পরে দিন চলে যায়
মাসের পরে মাস
এমনি ভাবে বিফল হ'ল
মনের অভিলাষ,
বেদন ভরা আমার এ মন
আর তো মনে রয় না॥*

——শিল্পীর কণ্ঠে অনবদ্য শিশু-গীতি——

**N 82833** বাবুরাম সাপুড়ে কোথা যাস্ বাপুরে
এই দুনিয়ায় সকল ভালো